

## সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৯৯৭

২৫/ সদ্যবহার ও পারস্পরিক সম্পর্ক বজায় রাখা (ﷺ) পরিচ্ছেদঃ ৬০. বন্ধুত্ব ও বিদ্বেষ উভয় ক্ষেত্রে ভারসাম্য বজায় রাখা

باب مَا جَاءَ فِي الإقْتِصَادِ فِي الْحُبِّ وَالْبُغْضِ

## আরবী

حَدَّثَنَا أَبُو كُرِيْبٍ، حَدَّثَنَا سُوَيْدُ بْنُ عَمْرٍو الْكَلْبِيُّ، عَنْ حَمَّادِ بْنِ سَلَمَةَ، عَنْ أَيُوبَ، عَنْ مُحَمَّدِ بْنِ سِيرِينَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أُرَاهُ رَفَعَهُ قَالَ " أَحْبِبْ حَبِيبَكَ هَوْنًا مَا عَسَى أَنْ يَكُونَ بَغِيضَكَ يَوْمًا مَا ". قَالَ يَكُونَ بَغِيضَكَ يَوْمًا مَا ". قَالَ يَكُونَ بَغِيضَكَ يَوْمًا مَا "أَنُ عَلَوْنَ حَبِيبَكَ يَوْمًا مَا ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ بِهَذَا الْإِسْنَادِ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ. وَقَدْ رُويَ هَذَا الْحَديثُ عَنْ أَيُوبَ بِإِسْنَادٍ غَيْرِ هَذَا رَوَاهُ الْحَسَنُ بْنُ أَبِي جَعْفَرٍ وَهُو حَديثُ ضَعِيفٌ الْحَديثُ عَنْ عَلِيّ عَنِ النّبِيّ صلى الله عليه وسلم وَالصَّحِيحُ عَنْ عَلِيّ مَوْقُوفٌ قَوْلُهُ .

## বাংলা

১৯৯৭। আবৃ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত আছে, (মুহাম্মাদ ইবনু সীরীন বলেন) আমার অনুমান যে, তিনি এটা মারফুভাবে বর্ণনা করেছেন (অর্থাৎ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বাণী স্বরূপ বর্ণনা করেছেন)। তিনি বলেছেনঃ নিজের বন্ধুর সাথে ভালবাসার আধিক্য প্রদর্শন করবে না। হয়ত সে একদিন তোমার শক্রু হয়ে যাবে। তোমার শক্রুর সাথেও শক্রুতার চরম সীমা প্রদর্শন করবে না। হয়ত সে একদিন তোমার বন্ধু হয়ে যাবে।

সহীহ, গাইয়াতুল মারাম (৪৭২)।

আবৃ ঈসা বলেন, এ হাদীসটি গারীব। আমরা তা উল্লেখিত সনদসূত্রে এভাবেই জেনেছি। এ হাদীসটি আইয়ূব (রহঃ) হতে ভিন্ন সনদেও বর্ণিত আছে। এ হাদীসটি হাসান ইবনু আবৃ জাফর আলী (রাঃ)-এর সূত্রে রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন। কিন্তু এটি দুর্বল। সহীহ হলো আলী (রাঃ) হতে মাওকুফ বর্ণনাটি।

## **English**



Muhammad bin Sirin narrated from Abu Hurairah - and I think he (narrated it from the Prophet) who said:

"Love your beloved moderately, perhaps he becomes hated to you someday. And hate whom you hate moderately, perhaps he becomes your beloved someday."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন